

কোভিড-19 অতিমারীর সময়ে, কিছু অভিলাষী অভিবাসীর উপর রাষ্ট্রপতি ট্রাম্পের সরকারি ভ্রমণ নিষেধাজ্ঞা

দাবি অস্বীকার: এই পরামর্শমূলক বিবৃতিটির প্রচারকারী The Legal Aid Society, Immigration Law Unit. এই পরামর্শমূলক বিবৃতিটি একটি আইনি পরামর্শ নয়, এবং একজন অভিবাসন বিষয়ক বিশেষজ্ঞের পরামর্শের বিকল্প নয়। এতদমধ্যে অন্তর্ভুক্ত তথ্যগুলি, নথিটির নীচে প্রদত্ত সংস্করণ তারিখে সাম্প্রতিকতম, এবং পরিবর্তনের বিষয়বস্তু হতে পারে।

এপ্রিল 22, 2020 তারিখে, রাষ্ট্রপতি ট্রাম্প লফুল পার্মানেন্ট রেসিডেন্টস (LPRs, অর্থাৎ গ্রিন কারক ধারণকারীগণ) হওয়ার অভিলাষী কিছু নির্দিষ্ট ব্যক্তির মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ রদ করে একটি আঞ্জাপত্র প্রদান করেছেন। আঞ্জাপত্রটি এপ্রিল 23, 2020 তারিখের রাত 11:59 থেকে কার্যকরী, এবং যদিও এটি দীর্ঘায়িত হতে পারে, 60 দিন পরে মেয়াদোত্তীর্ণ হওয়ার জন্য নির্ধারিত।

আঞ্জাপত্রটি কাদের ক্ষেত্রে প্রযোজ্য?

LPR-এর মর্যাদাপ্রাপ্তির অভিলাষী মানুষদের ক্ষেত্রে আঞ্জাপত্রটি প্রযোজ্য:

- যাঁরা এটি কার্যকরী হওয়ার তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে আছেন;
- যাঁদের একটি অভিবাসী ভিসা (অর্থাৎ LPR মর্যাদার জন্য একটি ভিসা) নাই যেটি আঞ্জাপত্রটি কার্যকরী হওয়ার তারিখে বৈধ নয়; এবং
- যাঁদের নিকট, একটি ভিসা (যেমন ভ্রমণ সংক্রান্ত পত্র, উপযুক্ত বোর্ডিং ফয়েল, অথবা একটি অ্যাডভান্স প্যারোল ডকুমেন্ট) ব্যতীত একটি প্রথানুগ ভ্রমণ নথি বিদ্যমান নাই।

কোন প্রকার ব্যতিক্রম আছে কী?

হ্যাঁ। আঞ্জাপত্রটি বর্তমানে বৈধ LPRদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

এটি, মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থাকা ব্যক্তিদের ক্ষেত্রেও, অভিবাসী ভিসার জন্য আবেদন করছেন এবং LPR মর্যাদাপ্রাপ্তির উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রে আসার চেষ্টা করছেন, প্রযোজ্য হয় না:

- একজন মার্কিন নাগরিকের, সম্ভাব্য পোশ্য হিসাবে গৃহীত সন্তানদের অন্তর্ভুক্ত করে, স্বামী অথবা স্ত্রী অথবা নাবালক, 21 বছরের কম বয়সী অবিবাহিত সন্তান হিসাবে;
- একজন চিকিৎসক, নার্স, অন্যান্য স্বাস্থ্য প্রযুক্তি বিষয়ক পেশাদার, ছাড়াও তাঁদের স্বামী অথবা স্ত্রী অথবা 21 বছরের কম বয়সী অবিবাহিত সন্তান হিসাবে;
- একজন চিকিৎসা বিষয়ক গবেষক অথবা কোভিড-19 এর বিস্তারের বিরুদ্ধে লড়াইয়ে ইচ্ছুক অন্যান্য গবেষক, ছাড়াও তাঁদের স্বামী অথবা স্ত্রী অথবা 21 বছরের কম বয়সী অবিবাহিত সন্তান হিসাবে;
- কোভিড-19 এর বিরুদ্ধে লড়াইয়ের জন্য, সেটির থেকে উপশম লাভের ক্ষেত্রে অথবা অন্যভাবে সেটির প্রভাব অপসারণের জন্য প্রয়োজনীয় কর্ম সম্পাদনের উদ্দেশ্যে যুক্ত ব্যক্তি, এছাড়াও ছাড়াও তাঁদের স্বামী অথবা স্ত্রী অথবা 21 বছরের কম বয়সী অবিবাহিত সন্তান হিসাবে;
- EB-5 ইমিগ্র্যান্ট ইনভেস্টর প্রোগ্রাম-এর অধীনে;
- গুরুত্বপূর্ণ মার্কিন আইন বলবতকরণের উদ্দেশ্যে (যদিও সেগুলি অনির্দিষ্টকৃত);

- মার্কিন সামরিক বল, এবং তাঁদের স্বামী অথবা স্ত্রী অথবা 21 বছরের কম বয়সী অবিবাহিত সন্তান হিসাবে;
- কিছু নির্দিষ্ট বিশেষ ভিসা ধারণকারী, এবং তাঁদের স্বামী অথবা স্ত্রী অথবা 21 বছরের কম বয়সী অবিবাহিত সন্তান হিসাবে;
- যাঁদের প্রবেশ জাতীয় স্বার্থবাহী হবে।

অ-অভিবাসী ভিসার সম্পর্কে কী?

আজ্ঞাপত্রটি অ-অভিবাসী (সাময়িক) ভিসার অধীনে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশের ইচ্ছাযুক্ত ব্যক্তিদের উপর নিষেধাজ্ঞা প্রয়োগ করে না, যদিও এটি ইঙ্গিত করে যে অ-অভিবাসী ভিসাগুলির প্রতি আগামী 30 দিনের মধ্যে নজর দেওয়া হবে।

ইতিমধ্যেই মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে থাকা ব্যক্তিদের বিষয়ে কী?

আজ্ঞাপত্রটি ইতিমধ্যেই মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে থাকা এবং অভিবাসী এবং অ-অভিবাসী ভিসা প্রার্থী ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হয় না। এটি শুধুমাত্র আজ্ঞাপত্রটির কার্যকরী হওয়ার তারিখে দেশটির বাইরে থাকা কিছু নির্দিষ্ট ভিসা প্রার্থীর দ্বারা মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশেই সীমিত করে।

আশ্রয়প্রার্থীদের বিষয়ে কী?

আজ্ঞাপত্রটি, আশ্রয়, উদ্বাস্তুর মর্যাদা প্রার্থীদের, অপসারণ সাময়িক রদ করার, অথবা কনভেশন এগেনস্ট টর্চার-এর অধীনে সুরক্ষা প্রদানের সক্ষমতাকে সীমিত করে না।

কোন প্রকার দাবি পরিত্যাগের প্রক্রিয়া আছে কী?

যদিও, ভ্রমণ নিষেধাজ্ঞার দাবি পরিত্যাগের জন্য আবেদনের কোন প্রথাগত প্রক্রিয়া নাই, আজ্ঞাপত্রটিতে - প্রভাবিত ব্যক্তিদের, সেক্রেটারি অব স্টেট, দি সেক্রেটারি অব হোমল্যান্ড সিকিউরিটি, অথবা সেক্রেটারিঘরের মধ্যে যে কারোর দ্বারা অনুমোদিত অন্য কারোর দ্বারা নির্ধারিত অনুসারে, যদি তাঁরা প্রমাণ করতে সক্ষম হন যে তাঁদের প্রবেশ জাতীয় স্বার্থবাহী হবে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমোদন মঞ্জুরকারী সকল সংস্থানগুলিকে সক্ষম করে একটি সাধারণ উল্লেখ রয়েছে।

যদি আপনার কোন প্রশ্ন অথবা সহায়তার প্রয়োজন থাকে, তাহলে অনুগ্রহ করে, সোমবার থেকে শুক্রবার সকাল 9:00 থেকে বিকাল 5:00-এর মধ্যে 844-955-3425 নম্বরে আমাদের অভিবাসী হেল্পলাইন নম্বরে ফোন করুন।